

মস্তিষ্কে ব্যাটারি চালিত যন্ত্র বাসিয়ে রোগ নিয়ন্ত্রণ

স্টাফ রিপোর্টার : স্নায়ু রোগ পারকিনসন ডিজিস-এর নিয়ন্ত্রণে আশা জাগাচ্ছে এবার এক নতুন ধরনের অস্ত্রোপচার। হৃদরোগের ক্ষেত্রে যেমন পেসমেকার বসানো হয়, তেমনি বৃদ্ধ বয়সে আসা এই ধরনের পারকিনসন ডিজিসে মস্তিষ্কে ব্যাটারিচালিত যন্ত্র প্রতিস্থাপন করে রোগটি অনেকখানি নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। মঙ্গলবার স্নায়ুরোগ নিয়ন্ত্রণে এই সফল অস্ত্রোপচারটি হয়ে গেল শহরে। চিকিৎসকদের দাবি রাজ্যে তো বটেই, পূর্বভারতেও এই নতুন পদ্ধতির অস্ত্রোপচার প্রথম।

মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালে মঙ্গলবার পারকিনসন ডিজিজে আক্রান্ত এক মহিলার এই নতুন ধরনের অস্ত্রোপচারটি করা হয়। যাদবপুরের বাসিন্দা ৫৩ বছর বয়সী ওই মহিলার ক্ষেত্রে অবশ্য 'লেসিয়ন' পদ্ধতিটিতে অস্ত্রোপচারটি করা হয়েছে। মহিলার ডান হাত ও পা কাঁপত। কিন্তু পারকিনসন ডিজিসে নতুন ধরনের অস্ত্রোপচারটিকে বলা হচ্ছে 'ডিপ

মঙ্গলবার হল সফল অস্ত্রোপচার

ব্রেন স্টিমিউলেশন'। মস্তিষ্কে একটি ক্ষুদ্র অস্ত্রোপচার করে ব্যাটারিচালিত যন্ত্র ঢুকিয়ে দেওয়া হয়। মেডিকা হাসপাতালের ইনস্টিটিউট অফ নিউরোলজির ডিরেক্টর ডাঃ এল এন ত্রিপাঠীর তত্ত্বাবধানে এই অস্ত্রোপচারটি হয়। অক্সফোর্ডের জন র্যাডক্রিফ হসপিটালের নিউরোলজি ইউনিটের প্রধান অধ্যাপক টিপু আজিজ ও কনসালটেন্ট নিউরোসার্জন ডাঃ দীপঙ্কর নন্দী এই অস্ত্রোপচার উপস্থিত ছিলেন। এই 'ডিপ ব্রেন স্টিমিউলেশন' অস্ত্রোপচারটি করতে ২০ থেকে ৩০ মিনিট সময় লাগে। এই ধরনের অস্ত্রোপচারের মাধ্যমে পারকিনসন ডিজিসের মতো হাত ও পা কাঁপার এই সমস্যাটির ৮০ শতাংশই সমাধান হয় বলে চিকিৎসকদের দাবি। পরিসংখ্যান অনুযায়ী, সাধারণত ৬০ বছরের পর প্রতি ১০০জনের মধ্যে ১জন পিছু এই পারকিনসনের সমস্যা দেখা দেয়। হাত-পা কাঁপে। পূর্ব ভারতে এই অত্যাধুনিক অস্ত্রোপচার প্রথম বলে দাবি করছেন চিকিৎসকরা। মেডিকা হাসপাতালে দুদিন ধরে একটি কর্মশালা চলছে। যার বিষয়বস্তু পারকিনসন ডিজিজ অস্ত্রোপচারের মাধ্যমে কীভাবে নিয়ন্ত্রণ করা যায়। এই কর্মশালায় জুনিয়র ডাক্তারদের হাতেকলমে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। স্নায়ুরোগ সংক্রান্ত ১২টি কেস তালিকাভুক্ত করা হয়েছে।